ফোন ঃ ৮৮০২২২২৩০০৭৬

গোপনীয়

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

শৃংখলা পরিদপ্তর

পানি ভবন (লেভেল-৭), ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১৬.২০-০২

তারিখঃ ১৯/০৯/১৪২৮ বঙ্গাঃ
০৩/০১/২০২২ খ্রিঃ

## "দ প্ত রা দে শ"

নির্বাহী প্রকৌশলী, পঞ্চগড় পওর বিভাগ, বাপাউবো, পঞ্চগড় এর স্মারক নং-২পি-২২৫/৪২১ তারিখঃ ১৮/০৩/২০২০ খ্রিঃ এর মাধ্যমে জনাব মোহাব্বত হোসেন বারী গং কর্তৃক গত ১০-০৩-২০২০ খ্রিঃ তারিখে "জনাব মোঃ মাহমুদুল হাসান মামুন, কার্য-সহকারী, পঞ্চগড় পওর বিভাগ, বাপাউবো, পঞ্চগড় এর বিরুদ্ধে সরকারি দায়িত্ব পালনে অবহেলা, গাফিলতি সংশ্লিষ্ট স্থানীয় নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের সহযোগীতায় কর্মস্থলে না থেকেও সরকারি বেতন-ভাতা উত্তোলন একই সঙ্গে সরকারি নিবন্ধনকৃত লাভজনক সংস্থায় যথারীতি নির্বাহী দায়িত্ব পালনের অভিযোগপত্রে বর্ণিত অভিযোগসমূহের সত্যতা যাচাই পূর্বক দায়-দায়িত্ব নিরূপণ করে মতামতসহ একটি স্বয়ংসম্পূর্ণ তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৭৮-পাউবো/শৃং/শা-০৩/অভি(গ)-১০/২০২০ তারিখঃ ২৬-০৮-২০২০ খ্রিঃ এর মাধ্যমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তিনি একজন সরকারী কর্মচারী হয়েও জেলা সমবায় কার্যালয়, নীলফামারীর আদেশ নং-৩৬৬, তারিখঃ ২৫/১২/২০১৯ ইং মোতাবেক নিবন্ধিত "স্বপ্ন সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিমিটেড" এর সভাপতির দায়িত্ব পালন করায় তদন্তে দোষী সাব্যস্ত হওয়ায় তার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫২ মোতাবেক অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১৬.২০-৩৮ তারিখঃ ১০/০৩/২০২১ খ্রিঃ এর মাধ্যমে কার্যধারা সূচনা করতঃ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে লিখিত বিবৃতি দাখিলের জন্য অনুরোধ করা হয়। সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগনামার প্রেক্ষিতে অভিযুক্ত কর্মচারীর জবাব দাখিল না করা এবং কার্যধারাটি অগ্রসর হওয়ার পর্যাপ্ত কারণ বিদ্যমান থাকায় প্রবিধান ৫২ (২) (গ) মোতাবেক অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১৬.২০-৬৮, তারিখঃ ২০/০৬/২০২১ খ্রিঃ এর মাধ্যমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামত ও আনুষাঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে জনাব মোঃ মাহমুদুল হাসান মামুন, কার্য-সহকারী, পঞ্চগড় পওর বিভাগ, বাপাউবো, পঞ্চগড় (বর্তমানে বরগুনা পওর বিভাগ, বাপাউবো, বরগুনায় কর্মরত) এর বিরুদ্ধে বিভাগীয় মামলার তদন্তে দায়িত্বে অবহেলা ও লাভজনক সরকারী নিবন্ধিত সমিতিতে সভাপতি হিসেবে দায়িত্ব পালনের অভিযোগ প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক) (অ) মোতাবেক তার উপর তিস্কার (Censure) দন্ড আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্বান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ মাহমুদুল হাসান মামুন, কার্য-সহকারী, পঞ্চগড় পওর বিভাগ, বাপাউবো, পঞ্চগড় (বর্তমানে বরগুনা পওর বিভাগ, বাপাউবো, বরগুনায় কর্মরত) এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক) (অ) মোতাবেক তার উপর তিরস্কার (Censure) দন্ড আরোপ করা হলো।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

০৩/০১/২০২২

(আব্দুল খালেক)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৩০১২০০০১
টেলিফোন নং-৮৮০২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com

ডায়েরী নং ২৭
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
০৫/০১/২২
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

তারিখঃ ৫/১/২২
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
তাগিদ পত্র দিন

অঃপৃঃদ্রঃ

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬১৬.২০-০২(১০)

তারিখঃ ১৯/০৯/১৪২৮ বঙ্গাঃ
০৩/০১/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

১. প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঠাকুরগাঁও পওর সার্কেল, বাপাউবো, ঠাকুরগাঁও।
৩. পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কর্মচারী পরিদপ্তর/মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৬. নির্বাহী প্রকৌশলী, পঞ্চগড় পওর বিভাগ, বাপাউবো, পঞ্চগড়।
৭. নির্বাহী প্রকৌশলী, বরগুনা পওর বিভাগ, বাপাউবো, বরগুনা।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৯. জনাব মোঃ মাহমুদুল হাসান মামুন, কার্য-সহকারী, বরগুণা পওর বিভাগ, বাপাউবো, বরগুণা (সাবেক কার্য-সহকারী, পঞ্চগড় পওর বিভাগ, বাপাউবো, পঞ্চগড়)।

০৩/০১/২০২২

(ফজলুল করিম)
উপ-পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৪০৩১১০০১
টেলিফোন নম্বরঃ ৮৮০২২২২২৩০০৭৯